গাজী নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রীর মামা ওবায়দুর গ্রেপ্তার



ছবি: সংগৃহীত

সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের দ্বিতীয় স্ত্রী মরিয়ম খাতুনের মৃত্যুর ঘটনায় করা মামলার আসামি ওবায়দুর রহমানকে গ্রেপ্তার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। ওবায়দুর মরিয়মের মামা এবং সংসদ সদস্য গাজী নজরুলের সাবেক গাড়িচালক।

বুধবার (২৩ সেপ্টেম্বর) ওবায়দুরকে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলামের আদালতে হাজির করা হয়। এ সময় মামলার তদন্ত কর্মকর্তা ও ডিবির তেজগাঁও জোনাল টিমের পরিদর্শক মোহাম্মদ সালাউদ্দিন তাকে কারাগারে রাখার আবেদন করেন। শুনানি শেষে আদালত তাকে কারাগারে পাঠানোর আদেশ দেন।

আদালতে দেওয়া আবেদনে তদন্ত কর্মকর্তা বলেন, মরিয়মের মৃত্যুর ঘটনায় ওবায়দুরের সম্পৃক্ততার বিষয়ে সাক্ষ্য-প্রমাণ পাওয়া যাচ্ছে। মামলার তদন্ত সুষ্ঠুভাবে শেষ করা এবং ন্যায়বিচারের স্বার্থে তাকে কারাগারে রাখা প্রয়োজন।

গত ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় শেরেবাংলা নগর থানার আওতাধীন জাতীয় সংসদ ভবনের বিপরীতে ন্যাম ভবনের ৫ নম্বর ভবনের একটি ফ্ল্যাটের কক্ষ থেকে মরিয়ম খাতুনের ঝুলন্ত লাশ উদ্ধার করা হয়। কক্ষের দরজা ভেঙে তার লাশ উদ্ধার করা হয়েছিল।

এ ঘটনায় দায়ের করা মামলায় সংসদ সদস্য গাজী নজরুল ইসলাম, তার প্রথম স্ত্রী মাকছুদা ইসলাম এবং মরিয়মের মামা ওবায়দুর রহমানকে আসামি করা হয়।

মামলার পর গাজী নজরুল ও মাকছুদাকে গ্রেপ্তার করে আদালতে হাজির করা হয়। ২১ সেপ্টেম্বর আদালত সংসদ সদস্য গাজী নজরুলকে চার দিনের এবং মাকছুদাকে এক দিনের রিমান্ড মঞ্জুর করেন। এক দিনের রিমান্ড শেষে মাকছুদাকে কারাগারে পাঠানো হয়।

এর মধ্যে মামলাটির তদন্তভার শেরেবাংলা নগর থানা থেকে ডিবিতে হস্তান্তর করা হয়। ২২ সেপ্টেম্বর ডিবি আনুষ্ঠানিকভাবে মামলার নথি গ্রহণ করে। এরপর বুধবার ওবায়দুরকে গ্রেপ্তার করে আদালতে হাজির করা হয়।